**বাংলাদেশ ব্যাংক**
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার নং-০১

তারিখঃ ১০ মাঘ ১৪২৭
২৪ জানুয়ারি ২০২১

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**এসএমই লিড ব্যাংক নির্বাচন এবং লিড ব্যাংক ক্যালেন্ডার প্রণয়ন প্রসঙ্গে।**

কটেজ, মাইক্রো, স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ (সিএমএসএমই) অর্থায়নের সাথে সম্পর্কিত বিভিন্ন নীতিমালা এবং কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি প্রান্তিক জনগোষ্ঠীর নিকট পৌঁছে দিতে **'লিড ব্যাংক নির্বাচন'** একটি কার্যকর পদ্ধতি। কোন বিশেষ উদ্দেশ্য বাস্তবায়নে লিড ব্যাংক সংশ্লিষ্ট অঞ্চলের ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসহ সকল স্টেক হোল্ডারদের একটি প্ল্যাটফর্মে আনয়নের মাধ্যমে নিবেদিতভাবে কাজ করে বিধায় কোভিড-১৯ পরবর্তী অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবেলায়ও সমন্বিতভাবে কাজ করার ক্ষেত্রে লিড ব্যাংক পদ্ধতি ফলপ্রসু ভূমিকা রাখতে সক্ষম।

জাতীয় এসএমই নীতিমালা-২০১৯ অনুযায়ী টেকসই ও কার্যকর প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গড়ে তুলতে প্রতি জেলার জন্য সরকারি ও বেসরকারি ব্যাংক এর মধ্য থেকে একটি ব্যাংককে এসএমই লিড ব্যাংক হিসেবে নির্দিষ্ট করতে হবে, এসএমই ঋণ পরিকল্পনার বিষয়ে ব্যাংকগুলোর কার্যক্রম সমন্বয় সাধনের জন্য লিড ব্যাংক কনসোর্টিয়াম লিডার হিসেবে কাজ করবে। সার্বিক বিবেচনায় ২০২১ পঞ্জিকা বছরের জন্য সংযুক্ত তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট ব্যাংককে নির্ধারিত জেলার জন্য এসএমই লিড ব্যাংক নির্বাচনপূর্বক লিড ব্যাংক ক্যালেন্ডার প্রণয়ন করা হয়েছে **(পরিশিষ্ট-ক)** ।

মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০ (বিশ) হাজার কোটি টাকার সিএমএসএমই আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই খাতের ঋণ বিতরণ কার্যক্রম সমন্বিত ও সুচারুরূপে বাস্তবায়নে সহযোগিতা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অনুমোদনক্রমে জেলা প্রশাসকের নেতৃত্বে প্রতিটি জেলায় গঠিত এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটির কার্যক্রমে সহায়তাসহ সিএমএসএমই ঋণ সম্পর্কিত যাবতীয় কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার নিমিত্তে এসএমই লিড ব্যাংক এর করণীয় নির্ধারণ করা হয়েছে **(পরিশিষ্ট-খ)**।

এসএমই লিড ব্যাংক সংক্রান্ত করণীয় নির্দেশনাবলী এবং এতদ্‌সংশ্লিষ্ট ক্যালেন্ডার (জানুয়ারি-ডিসেম্বর ২০২১) অনুযায়ী অর্পিত স্ব স্ব দায়িত্ব সংশ্লিষ্ট ব্যাংক যথাযথভাবে পরিপালন করবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এই নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(হুসনে আরা শিখা)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫০২

# ২০২১ পঞ্জিকা বছরের জন্য প্রস্তুতকৃত লিড ব্যাংক ক্যালেন্ডার

## ১. বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের আওতাধীন জেলাসমূহ

| ক্রমিক | জেলা | দায়িত্বপ্রাপ্ত লিড ব্যাংক | বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়/শাখা অফিস |
|---|---|---|---|
| ১ | নারায়ণগঞ্জ | রূপালী ব্যাংক লিমিটেড | বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় |
| ২ | গাজীপুর | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড | |
| ৩ | নরসিংদী | বেসিক ব্যাংক লিমিটেড | |
| ৪ | ফরিদপুর | অগ্রণী ব্যাংক লিমিটেড | |
| ৫ | মানিকগঞ্জ | সাউথইস্ট ব্যাংক লিমিটেড | |
| ৬ | মুন্সিগঞ্জ | আইএফআইসি ব্যাংক লিমিটেড | |
| ৭ | রাজবাড়ী | জনতা ব্যাংক লিমিটেড | |
| ৮ | মাদারীপুর | পূবালী ব্যাংক লিমিটেড | |
| ৯ | ঢাকা | সোনালী ব্যাংক লিমিটেড | |

## ২. বাংলাদেশ ব্যাংক চট্টগ্রাম অফিসের আওতাধীন জেলাসমূহ

| ক্রমিক | জেলা | দায়িত্বপ্রাপ্ত লিড ব্যাংক | বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়/শাখা অফিস |
|---|---|---|---|
| ১ | কুমিল্লা | সোনালী ব্যাংক লিমিটেড | বাংলাদেশ ব্যাংক, চট্টগ্রাম অফিস |
| ২ | ব্রাহ্মণবাড়ীয়া | রূপালী ব্যাংক লিমিটেড | |
| ৩ | নোয়াখালী | অগ্রণী ব্যাংক লিমিটেড | |
| ৪ | রাঙ্গামাটি | মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড | |
| ৫ | খাগড়াছড়ি | বাংলাদেশ কৃষি ব্যাংক লিমিটেড | |
| ৬ | বান্দরবান | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড | |
| ৭ | চাঁদপুর | বেসিক ব্যাংক লিমিটেড | |
| ৮ | ফেনী | জনতা ব্যাংক লিমিটেড | |
| ৯ | কক্সবাজার | ঢাকা ব্যাংক লিমিটেড | |
| ১০ | লক্ষ্মীপুর | ব্র্যাক ব্যাংক লিমিটেড | |
| ১১ | চট্টগ্রাম | সোনালী ব্যাংক লিমিটেড | |

## ৩. বাংলাদেশ ব্যাংক সিলেট অফিসের আওতাধীন জেলাসমূহ

| ক্রমিক | জেলা | দায়িত্বপ্রাপ্ত লিড ব্যাংক | বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়/শাখা অফিস |
|---|---|---|---|
| ১ | সুনামগঞ্জ | জনতা ব্যাংক লিমিটেড | বাংলাদেশ ব্যাংক, সিলেট অফিস |
| ২ | মৌলভীবাজার | উত্তরা ব্যাংক লিমিটেড | |
| ৩ | হবিগঞ্জ | রূপালী ব্যাংক লিমিটেড | |
| ৪ | সিলেট | সোনালী ব্যাংক লিমিটেড | |

(পরিশিষ্ট-ক)

## ৪. বাংলাদেশ ব্যাংক রাজশাহী অফিসের আওতাধীন জেলাসমূহ

| ক্রমিক | জেলা | দায়িত্বপ্রাপ্ত লিড ব্যাংক | বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়/শাখা অফিস |
|---|---|---|---|
| ১ | কুষ্টিয়া | এনসিসি ব্যাংক লিমিটেড | বাংলাদেশ ব্যাংক, রাজশাহী অফিস |
| ২ | মেহেরপুর | উত্তরা ব্যাংক লিমিটেড | |
| ৩ | পাবনা | জনতা ব্যাংক লিমিটেড | |
| ৪ | চাঁপাইনবাবগঞ্জ | অগ্রণী ব্যাংক লিমিটেড | |
| ৫ | চুয়াডাঙ্গা | রূপালী ব্যাংক লিমিটেড | |
| ৬ | নাটোর | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | |
| ৭ | রাজশাহী | সোনালী ব্যাংক লিমিটেড | |

## ৫. বাংলাদেশ ব্যাংক খুলনা অফিসের আওতাধীন জেলাসমূহ

| ক্রমিক | জেলা | দায়িত্বপ্রাপ্ত লিড ব্যাংক | বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়/শাখা অফিস |
|---|---|---|---|
| ১ | গোপালগঞ্জ | সোনালী ব্যাংক লিমিটেড | বাংলাদেশ ব্যাংক, খুলনা অফিস |
| ২ | যশোর | মিউচ্যুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড | |
| ৩ | ঝিনাইদহ | ব্যাংক এশিয়া লিমিটেড | |
| ৪ | মাগুরা | জনতা ব্যাংক লিমিটেড | |
| ৫ | সাতক্ষীরা | সোনালী ব্যাংক লিমিটেড | |
| ৬ | বাগেরহাট | রূপালী ব্যাংক লিমিটেড | |
| ৭ | নড়াইল | পূবালী ব্যাংক লিমিটেড | |
| ৮ | খুলনা | অগ্রণী ব্যাংক লিমিটেড | |

## ৬. বাংলাদেশ ব্যাংক বগুড়া অফিসের আওতাধীন জেলাসমূহ

| ক্রমিক | জেলা | দায়িত্বপ্রাপ্ত লিড ব্যাংক | বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়/শাখা অফিস |
|---|---|---|---|
| ১ | নওগাঁ | জনতা ব্যাংক লিমিটেড | বাংলাদেশ ব্যাংক, বগুড়া অফিস |
| ২ | জয়পুরহাট | পূবালী ব্যাংক লিমিটেড | |
| ৩ | সিরাজগঞ্জ | ন্যাশনাল ব্যাংক লিমিটেড | |
| ৪ | গাইবান্ধা | ব্র্যাক ব্যাংক লিমিটেড | |
| ৫ | বগুড়া | সোনালী ব্যাংক লিমিটেড | |

## ৭. বাংলাদেশ ব্যাংক বরিশাল অফিসের আওতাধীন জেলাসমূহ

| ক্রমিক | জেলা | দায়িত্বপ্রাপ্ত লিড ব্যাংক | বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়/শাখা অফিস |
|---|---|---|---|
| ১ | পটুয়াখালী | অগ্রণী ব্যাংক লিমিটেড | বাংলাদেশ ব্যাংক, বরিশাল অফিস |
| ২ | পিরোজপুর | পূবালী ব্যাংক লিমিটেড | |
| ৩ | বরগুনা | রূপালী ব্যাংক লিমিটেড | |
| ৪ | ঝালকাঠি | ন্যাশনাল ব্যাংক লিমিটেড | |
| ৫ | ভোলা | সোনালী ব্যাংক লিমিটেড | |
| ৬ | শরীয়তপুর | আইএফআইসি ব্যাংক লিমিটেড | |
| ৭ | বরিশাল | ওয়ান ব্যাংক লিমিটেড | |

## ৮. বাংলাদেশ ব্যাংক রংপুর অফিসের আওতাধীন জেলাসমূহ

| ক্রমিক | জেলা | দায়িত্বপ্রাপ্ত লিড ব্যাংক | বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়/শাখা অফিস |
|---|---|---|---|
| ১ | নীলফামারী | সোনালী ব্যাংক লিমিটেড | বাংলাদেশ ব্যাংক, রংপুর অফিস |
| ২ | পঞ্চগড় | ডাচ বাংলা ব্যাংক লিমিটেড | |
| ৩ | কুড়িগ্রাম | অগ্রণী ব্যাংক লিমিটেড | |
| ৪ | দিনাজপুর | এনসিসি ব্যাংক লিমিটেড | |
| ৫ | লালমনিরহাট | ট্রাস্ট ব্যাংক লিমিটেড | |
| ৬ | ঠাকুরগাও | রূপালী ব্যাংক লিমিটেড | |
| ৭ | রংপুর | জনতা ব্যাংক লিমিটেড | |

## ৯. বাংলাদেশ ব্যাংক ময়মনসিংহ অফিসের আওতাধীন জেলাসমূহ

| ক্রমিক | জেলা | দায়িত্বপ্রাপ্ত লিড ব্যাংক | বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়/শাখা অফিস |
|---|---|---|---|
| ১ | টাংগাইল | ন্যাশনাল ব্যাংক লিমিটেড | বাংলাদেশ ব্যাংক, ময়মনসিংহ অফিস |
| ২ | কিশোরগঞ্জ | অগ্রণী ব্যাংক লিমিটেড | |
| ৩ | জামালপুর | রূপালী ব্যাংক লিমিটেড | |
| ৪ | শেরপুর | উত্তরা ব্যাংক লিমিটেড | |
| ৫ | ময়মনসিংহ | সোনালী ব্যাংক লিমিটেড | |
| ৬ | নেত্রকোনা | জনতা ব্যাংক লিমিটেড | |

(পরিশিষ্ট-খ)

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

(এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট)

## এসএমই লিড ব্যাংক সংক্রান্ত নির্দেশনাবলী

১. বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় এবং শাখা অফিসের সাথে পরামর্শক্রমে সিএমএসএমই অর্থায়ন সংক্রান্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ করে নির্বাচিত এসএমই লিড ব্যাংকসমূহ পিছিয়ে থাকা অঞ্চলে (জেলা/উপজেলা পর্যায়ে) মতবিনিময় সভা/আলোচনা অনুষ্ঠান (প্রয়োজনে জুম অ্যাপের মাধ্যমে ভার্চুয়াল সভা) আয়োজন করবে এবং বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসের মাধ্যমে প্রধান কার্যালয়কে অবহিত করবে।

২. মতবিনিময় সভা/সেমিনারের মাধ্যমে এসএমই লিড ব্যাংক সহযোগী অন্যান্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের সহযোগিতায় সিএমএসএমই অর্থায়নের ক্ষেত্রে আঞ্চলিক ও খাত ভিত্তিক অসামঞ্জ্যতা দূরীকরণসহ নতুন উদ্যোক্তা সৃষ্টি করার বার্তা শহর ও গ্রাম অঞ্চলের জনগোষ্ঠীর নিকট তুলে ধরবে।

৩. এসএমই লিড ব্যাংক সংশ্লিষ্ট অঞ্চলে অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে সহযোগী অন্যান্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে যোগাযোগ স্থাপন, অনুষ্ঠান আয়োজনের পরিকল্পনা প্রণয়ন এবং এতদ্‌সংক্রান্ত তথ্য বিনিময় করবে।

৪. সিএমএসএমই বিষয়ক বাংলাদেশ ব্যাংকের প্রদত্ত নির্দেশনার বিষয়ে লিড ব্যাংক আঞ্চলিক পর্যায়ে অনুষ্ঠেয় মতবিনিময় সভা/আলোচনা অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় ও শাখা অফিসের সংশ্লিষ্ট কর্মকর্তা, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, নারী উদ্যোক্তা সংগঠনসহ বিভিন্ন ব্যবসায়িক সংগঠন, সিএমএসএমই খাতের উদ্যোক্তা, নিকটস্থ কলেজ/বিশ্ববিদ্যালয়ের প্রধানসহ শিক্ষার্থী, সংশ্লিষ্ট অঞ্চলের প্রতিষ্ঠিত শিল্প প্রতিষ্ঠানের প্রধান এবং প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের প্রধান (প্রযোজ্য ক্ষেত্রে) এর উপস্থিতি নিশ্চিত করবে।

৫. বছরব্যাপী (জানুয়ারি-ডিসেম্বর)-এ অনুষ্ঠিত মতবিনিময় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন 'অগ্রগতি মূল্যায়ন সভা' সংশ্লিষ্ট অঞ্চলের বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসসমূহে বছর শেষে অনুষ্ঠিত হবে। 'অগ্রগতি মূল্যায়ন সভায়' স্থানীয় লিড ব্যাংকের আওতাধীন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের অংশগ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট লিড ব্যাংক বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসকে সার্বিক সহযোগিতা প্রদান করবে।

৬. কোভিড-১৯ পরবর্তী অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবেলায় সমন্বিত প্রচেষ্টার অংশ হিসেবে অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও কুটির এবং মাঝারী শিল্পের (সিএমএসএমই) ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাগণ যেন স্বচ্ছতার সাথে ঝামেলাহীনভাবে ব্যাংক প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ গ্রহণ করতে পারে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে জেলা প্রশাসকের নেতৃত্বে গঠিত এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটিকে লিড ব্যাংক সহায়তা প্রদান করবে ।

৭. প্রণোদনা প্যাকেজের আওতায় ওয়ার্কিং ক্যাপিটাল সুবিধা প্রদানের লক্ষ্যে ঋণ গ্রহীতা নির্বাচন, ঋণ বিতরণ, তদারকি ও আদায় সংক্রান্ত কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ এবং প্রাপ্ত সমস্যাসমূহ স্থানীয়ভাবে সমাধানের বিষয়ে লিড ব্যাংক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

৮. অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও কুটির এবং মাঝারী শিল্পের (সিএমএসএমই) ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাগণ কোভিড-১৯ পরবর্তী সময়ে যেন স্বাভাবিক ব্যবসায় ফিরে আসতে পারে সে বিষয়ে সরকার কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হলে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের করণীয় কার্যক্রমে লিড ব্যাংক সহায়তা প্রদান করবে।

৯. প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণ কার্যক্রম চলাকালীন জেলা ভিত্তিক এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটির অনুষ্ঠেয় সভা আয়োজনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

১০. মতবিনিময় সভা আয়োজনের ক্ষেত্রে যথাসম্ভব অনাড়ম্বরতা, স্বচ্ছতা, পারস্পরিক বোঝাপড়া এবং ব্যয় সংকোচন নীতি ইত্যাদি বিষয়াদির প্রতি লক্ষ্য রেখে অনুষ্ঠান আয়োজনের প্রকৃত ব্যয়ভার প্রযোজ্য ক্ষেত্রে লিড ব্যাংকের তত্ত্বাবধানে অংশগ্রহণকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সমহারে বহন করবে।

-০-